



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-১১৩

তারিখ: ২৭/১১/২০২৪খ্রি

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের (পরীক্ষা-২০২৫) আলিম শ্রেণির রেজিস্ট্রেশন হতে বাদপড়া শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় অনলাইনে রেজিস্ট্রেশন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত আলিম পর্যায়ের মাদ্রাসাসমূহের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী ২০২১, ২০২২, ২০২৩ সালে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের (পরীক্ষা-২০২৫) আলিম শ্রেণিতে অনলাইনে কোথাও ভর্তি ও রেজিস্ট্রেশন পূর্বে সম্পন্ন করতে পারেনি, বিশেষ বিবেচনায় সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের eSIF পূরণের ওয়েবসাইটে www.ebmeb.gov.bd গিয়ে আগামী ০১/১২/২০২৪ খ্রি. তারিখ হতে ১৫/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ফি জমা সাপেক্ষে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

নির্দেশাবলী

০১. নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিলম্ব রেজিস্ট্রেশন ও অন্যান্য ফিসহ মোট ৬৮৫/- (ছয়শত পঁচাত্তর) টাকা এবং অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে পাঠ বিরতি ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকাসহ মোট ৮৩৫/- (আটশত পয়ত্রিশ) টাকা সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করা যাবে।
০২. রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রির অপশন পাওয়া যাবে।
০৩. বোর্ড কর্তৃক আলিম স্তরের পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করানো যাবে না;
০৪. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না;
০৫. উল্লেখ্য যে, অনলাইন ব্যতিত মানুষালি কোন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা যাবে না;
০৬. নির্ধারিত সময়ের মধ্যেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে, অন্যথায় উদ্ভূত যে কোন জটিলতার জন্য মাদ্রাসা প্রধান দায়ী থাকবেন।
০৭. শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯ যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের সকল মাদ্রাসা

২৮/১১/২৪
(মোহাম্মদ নাছিমুল ইসলাম)
পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ০২-৫৮৬১০২০০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।